

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ২৫, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখ : ০৮ আষাঢ়, ১৪২২ বঙ্গাব্দ/২২ জুন, ২০১৫ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং-১৬৮-আইন/২০১৫/৭৩৫-মুসক।—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চলে বিনিয়োগকারী প্রতিষ্ঠান, যাহা উক্ত আইনের অধীন নিবন্ধিত, এর ক্ষেত্রে—

(ক) পণ্য উৎপাদন পর্যায়ে ব্যবহৃত নিম্নবর্ণিত টেবিল-১ এর কলাম (১) ও (২) এ উল্লিখিত Customs Act, 1969 (Act No. IV of 1969) এর First Schedule এর শিরোনামা সংখ্যা (Heading No.) এবং উহার সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) এ আওতাভুক্ত কলাম (৩) এ বর্ণিত পণ্য সরবরাহের ওপর প্রদেয় মূল্য সংযোজন কর কলাম (৪) এ উল্লিখিত হারে অব্যাহতি প্রদান করিল, যথা :—

টেবিল-১

শিরোনামা সংখ্যা (Heading No.)	সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code)	পণ্যের বিবরণ (Description of Goods)	মূল্য সংযোজন কর অব্যাহতির হার
(১)	(২)	(৩)	(৪)
২৭.১১	২৭.১১.২১.০০	প্রাকৃতিক গ্যাস	৮০ (আশি) শতাংশ

(৪৮৪৯)

মূল্য : টাকা ৪.০০

(খ) পণ্য উৎপাদন পর্যায়ে ব্যবহৃত নিম্নবর্ণিত টেবিল-২ এর কলাম (১) ও (২) এ উল্লিখিত ২৩ জ্যৈষ্ঠ, ১৪২০ বঙ্গাব্দ মোতাবেক ০৬ জুন, ২০১৩খ্রিঃ তারিখের প্রজ্ঞাপন এসআরও নং-১৬৮-আইন/২০১৩/৬৭২-মূসক এ উল্লিখিত সেবার শিরোনামা সংখ্যা এবং সেবার কোড-এর আওতাভুক্ত কলাম (৩) এ বর্ণিত সেবাসমূহের ওপর প্রদেয় মূল্য সংযোজন কর কলাম (৪) এ উল্লিখিত হারে অব্যাহতি প্রদান করিল, যথা :—

টেবিল-২

শিরোনামা সংখ্যা	সেবার কোড	সেবার নাম	মূল্য সংযোজন কর অব্যাহতির হার
(১)	(২)	(৩)	(৪)
S০২৫	S০২৫.০০	ওয়াসা	৮০ (আশি) শতাংশ
S০৩৭	S০৩৭.০০	যোগানদার (Procurement Provider) (পেট্রোলিয়াম দ্রব্যাদি ব্যতীত)	১০০ (একশত) শতাংশ
S০৫৭	S০৫৭.০০	বিদ্যুৎ বিতরণকারী	৮০ (আশি) শতাংশ

২। দফা ১ এ উল্লিখিত প্রতিষ্ঠানসমূহকে, এই প্রজ্ঞাপনের অধীন মূল্য সংযোজন কর অব্যাহতি গ্রহণের ক্ষেত্রে, মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ৩৮ এর অধীন জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক প্রদত্ত আদেশ দ্বারা নির্ধারিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ নজিবুর রহমান

সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd